

NHS

# ইন্ট্রাথেকল মেথোট্রেক্সেট

বাচ্চা ও পরিবারদের জন্যে তথ্য

2য় সংস্করণ

প্রস্তুতকারকের দ্বারা সরবরাহকৃত কোন রোগী সংক্রান্ত তথ্য প্রচারপত্রের সংযোগে  
এই প্রচারপত্র পড়তে হবে।

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল  
ফর চিলড্রেন NHS ট্রাস্ট

**প্রয়োজনীয়**

**নম্বর:**

এলিপাট ডে কেয়ার  
020 7829 8833  
ফক্স ওয়ার্ড  
020 7829 8820  
জিরাফ ওয়ার্ড  
020 7829 8821  
লাইন ওয়ার্ড  
020 7829 8810  
রবীন ওয়ার্ড  
020 7829 8811

ইন্ট্রাথেকল মেথোট্রেক্সেট (Intrathecal methotrexate) কি, সেটা কিভাবে দেওয়া হয় এবং কোন কোন সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে এই তথ্যপত্রে ব্যাখ্যা রয়েছে। অতিসাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো ছাড়াও কোন কোন বিরল ও দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়াগুলোরও ব্যাখ্যা এই প্রচারপত্রে রয়েছে। মেডিসিন বা ঔষধের প্রতি বিভিন্ন ব্যক্তির বিভিন্নভাবে প্রতিক্রিয়া হয়ে থাকে সূতরাং উল্লেখিত প্রত্যেকটি পার্শ্ব প্রতিক্রিয়ায় আপনার বাচ্চা অপরিহার্যভাবে ভুক্তভোগী নাও হতে পারে। পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আপনার যদি কোন উদ্বেগ থাকে তাহলে তথ্যপত্রে উল্লেখিত কোন একটি যোগাযোগ নম্বরে ফোন করুন ও আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

**ইন্ট্রাথেকল মেথোট্রেক্সেট কি?**

এটা হলো কেমোথেরাপীর একটা ড্রাগ (মাদকদ্রব্য) যা মেরুদণ্ড ও মস্তিষ্কের চারপাশে সেরিব্রোস্পিনাল ফ্লুয়িড (CSF) প্রবেশ বন্ধ করার জন্যে লুকীমিয়া সেলসকে দেওয়া হয়ে থাকে। CSF-তে পাওয়া লুকীমিয়ার চিকিৎসার জন্যেও এই ড্রাগ ব্যবহার হয়ে থাকে।

**সেটা কিভাবে দেওয়া হয়?**

ইন্ট্রাথেকল মেথোট্রেক্সেট সূচের মাধ্যমে দেওয়া হয়। পেছনের নিম্নের হাঁড়ের কোন একটি জায়গায় CSF-তে সেটা ঢোকানো হয়ে থাকে। সেটা লাম্বার পাল্চচার নামে পরিচিত। এই উপায়ে যখন ড্রাগ (মাদকদ্রব্য) দেওয়া হয় তখন ইন্ট্রাথেকেলী দেওয়া হয়েছে বলে ধরে নেওয়া হয়।

### পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?

খুব কমই পার্শ্ব প্রতিক্রিয়ার কারণ এই ড্রাগ হয়ে থাকে। যখন ইন্ট্রাথেকেলী দেওয়া হয় তখন ড্রাগটি দেওয়ার পদ্ধতি হিসেবে অস্বস্তিবোধ অধিকাংশ ক্ষেত্রে অনুভব হয়ে থাকে। মাথাব্যথা, মাথা বিম্বি, বিম্বি, ক্লান্ত, দৃষ্টির অস্পষ্টতা অথবা কয়েক ঘন্টার জন্যে ভারসাম্য হারানোর কারণ কোন কোন সময় ইন্ট্রাথেকেল মেথোড্রেস্ট্রেটের হয়ে থাকে। পরে কিছু সময় শুয়ে থাকা হয়তো সহায়তা হতে পারে। বাচ্চাদের ক্ষেত্রে ইন্ট্রাথিকল প্রয়োগ করার পর কমপক্ষে এক ঘন্টা তারা তাদের পেট নীচে রেখে শুয়ে থাকার সুপারিশ করা হয় কেননা সেটা CSF-এর মাধ্যমে মেথোড্রেস্ট্রেট বিতরণে সহায়তা হতে পারে। যে জায়গায় সূচ ঢোকানো হয় সে জায়গায় যন্ত্রণামুক্ত অথবা সামান্য কালোশিড়ে হতে পারে। লাম্বার পাল্কাচার সাইট বা স্থানে কোন প্লাস্টার দেওয়া হয়ে থাকলে তা অবশ্য 24 ঘন্টার মধ্যে সরিয়ে ফেলতে হবে।

ইন্ট্রাথেকেল মেথোড্রেস্ট্রেট গ্রহণ করা প্রায় শতকরা 15 ভাগ পর্যন্ত বাচ্চার মৃগীরোগ, সচেতনতার মাত্রার পরিবর্তন, চলাফেরায় অস্বাভাবিকতা অথবা বিভ্রান্তিসহ নিউরোলজিকলে পরিবর্তন হয়ে থাকে। এই জটিলতা সাধারণত: সঙ্গে সঙ্গেই ভালো হয়ে যায় এবং অতিরিক্ত ডোস দেওয়ার সময় সেটা আর ঘটে না যার জন্যে তা নিরাপদভাবে দেওয়া হতে পারে। দূর্ভাগ্যবশত: সকলের চিকিৎসার অংশ হিসেবে ইন্ট্রাথেকেল কেমোথেরাপী অপরিহার্য, এবং বর্তমানে ঝুঁকিকে অপসারণ সম্ভব নয়।

লিউকোয়েনসেফালোপাথি নামে পরিচিত একটি অত্যন্ত মারাত্মক অবস্থা কদাচিত্ভাবে নিউরোলজিকেল পরিবর্তনে অটল থাকে। স্পাইন্যাল ফ্লুয়িডে লুকীমিয়ার সুস্পষ্ট প্রমাণ যেসব বাচ্চাদের থাকে, এবং যেখানে রেডিওথেরাপী ও মেথোড্রেস্ট্রেট চিকিৎসা করার প্রয়োজন হয় সেখানে সেসব বাচ্চাদের মধ্যে সম্ভবত অধিকাংশই দেখা যায়।

ইন্ট্রাথেকেল মেথোড্রেস্ট্রেট এবং ওর্যাল বা মৌখিক মেথোড্রেস্ট্রেট যদি আপনার বাচ্চা গ্রহণ করতে থাকে - তাহলে ইন্ট্রাথেকেল মেথোড্রেস্ট্রেট গ্রহণের একই সপ্তাহে তারা ওর্যাল মেথোড্রেস্ট্রেট গ্রহণ করা উচিত হয়।

সংক্ষিপ্ত ব্যাখ্যা

@ GOSH ট্রাস্ট মে 2006

সূত্র: 2006F221

চাইল্ড অ্যান্ড ফ্যামিলি ইনফরমেশন গ্রুপ দ্বারা সংকলিত।

গ্রেট ওরমন্ড স্ট্রীট হসপিটাল ফর চিল্ড্রেন NHS ট্রাস্ট

Great Ormond Street

London WC1N 3JH

ওয়েবসাইট: [www.goshfamilies.nhs.uk](http://www.goshfamilies.nhs.uk) [www.childrenfirst.nhs.uk](http://www.childrenfirst.nhs.uk)